ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

২৮ বর্ষ ২২তম সংখ্যা ০১ পৌষ ১৪২১, ১৫ ডিসেম্বর ২০১৪

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ ১৪ ডিসেম্বর ২০১৪ মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

শহীদ বুদ্ধিজীবী দিবসের আলোচনা সভায় উপাচার্য

মানবতাবিরোধী অপরাধ ও শহীদ বুদ্ধিজীবী হত্যা মামলার রায় দ্রুত কার্যকর করতে হবে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক '৭১-এর মানবতাবিরোধী অপরাধ ও শহীদ বুদ্ধিজীবী হত্যা মামলার বিচার কার্যক্রম দ্রুত সম্পন্ন করে স্বল্পতম সময়ের মধ্যে রায় বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন। শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আজ ১৪ ডিসেম্বর ২০১৪ রবিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এই আহ্বান জানান।

সভায় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ

(২য় পৃষ্ঠায় দেখুন)

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ১৪ ডিসেম্বর ২০১৪ ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ চত্বরে শহীদ বুদ্ধিজীবীদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক রক্ত শিমুল গাছের একটি চারা রোপন করেন। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান এবং বাংলাদেশ শহীদ বুদ্ধিজীবী পরিষদের চেয়ারম্যান ও ঢাবি শহীদ পরিবার সমিতির সভাপতি আবু মুসা ম.মাসুদউজ্জামান।

বঙ্গবন্ধু মেধা পুরস্কার ২০১৪ প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ৪ জন কৃতী শিক্ষার্থীকে বঙ্গবন্ধু মেধা পুরস্কার ২০১৪ প্রদান করা হয়েছে। গত ২৮ অক্টোবর ২০১৪ হল মিলনায়তনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে মেধাবী শিক্ষার্থীদের হাতে পদক, দশ হাজার টাকা ও সনদপত্র তুলে দেন।

হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. বায়তুল্লাহ কাদেরী-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। সম্মাননা বক্তব্য রাখেন বিশিষ্ট বুদ্ধিজীবী ও লেখক সৈয়দ শামসুল হক।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বঙ্গবন্ধু মেধা পুরস্কারপ্রাপ্ত কৃতী শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, বঙ্গবন্ধু ছিলেন মেধাবী। তিনি রাজনীতি, দেশ-শাসন ও দেশ গঠনের ক্ষেত্রে মেধাকেই প্রাধান্য দিয়েছেন। তাই বঙ্গবন্ধু মেধা পুরস্কার প্রাপ্ত শিক্ষার্থীদের দেশ গঠনে এগিয়ে আসতে হবে এবং মেধার সর্বোচ্চ প্রয়োগ ঘটিয়ে সম্মিলিত প্রচেষ্টায় দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। তবেই আমরা পাব ক্ষুধা ও দারিদ্রমুক্ত মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ বাংলাদেশ।

(২য় পৃষ্ঠায় দেখুন)

"৬ষ্ঠ আন্তর্জাতিক বোটানিক্যাল কনফারেন্স ২০১৪"

বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটি এবং ঢাবি উদ্ভিদ বিজ্ঞান বিভাগের যৌথ আয়োজনে গত ৬ ডিসেম্বর ২০১৪ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দু'দিনব্যাপী "৬ষ্ঠ আন্তর্জাতিক বোটানিক্যাল কনফারেন্স ২০১৪" অনুষ্ঠিত হয়। এতে সম্মেলনের প্রধান পৃষ্ঠপোষক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাণিজ্য মন্ত্রী তোফায়েল আহমেদ এমপি, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মেহের আফরোজ চুমকি এমপি এবং হামদর্দ-এর ব্যবস্থাপনা পরিচালক ড. হাকিম মো. ইউছুফ হারুন ভূঁইয়া।

উপাচার্য কনফারেন্সে আগত দেশী-বিদেশী প্রতিনিধিবর্গকে শুভেচ্ছা জানান এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কথা শ্রদ্ধার সাথে স্মরণ করেন। মুক্তিযুদ্ধের সময়ে বিজয়ের এই ঊষালগ্নে বাংলাদেশের প্রতি ভারতের কূটনৈতিক স্বীকৃতির কথা উল্লেখ করে বিশ্বব্যাপী যেসব বন্ধুরা আমাদেরকে মুক্তিযুদ্ধকালে যে সাহায্য-সহযোগিতা করেছেন উপাচার্য তাঁদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

সম্মেলনের প্রতিপাদ্য বিষয় "Role of Botanist in Global Climate Change" এর প্রতি আলোকপাত করে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবের কথা ব্যক্ত করে বিশ্ব জলবায়ু সংক্রান্ত

কার্যক্রমে আন্তর্জাতিকভাবে আন্ত:সরকার ভূমিকার কার্যকর পদক্ষেপের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। বিশেষত: উষ্ণায়ন, বৃষ্টিপাত জনিত কারণে মওসুমি পরিবর্তন এবং সাগরের উচ্চতা বৃদ্ধির প্রতি গুরুত্বারোপ করে প্রতিবেশগত ভারসাম্য সৃষ্টির লক্ষ্যে উদ্ভিদ বিজ্ঞানীদের ভূমিকা রাখার আহ্বান জানান। পরিবেশ বিপর্যয়ের কারণ এবং উষ্ণায়ন সম্পর্কে নানা বৈজ্ঞানিক উপাত্তসহকারে উপাচার্য সঠিকভাবে জলবায়ু পরিবর্তনের প্রবণতা এবং উদ্ভিদের সাথে জলবায়ু পরিবর্তনের সম্পর্ক নির্ণয়ের ক্ষেত্রে গবেষণার বিশেষ প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। (২য় পৃষ্ঠায় দেখুন)

পদার্থ বিজ্ঞানীদের 'রাজ্জাক-শামসুন লাইফ টাইম এচিভমেন্ট এ্যাওয়ার্ড' লাভ

পদার্থ বিজ্ঞান শিক্ষা ও গবেষণায় অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ ঢাকা বিশ্ববিদ্যালয়ের দু'জন শিক্ষক 'রাজ্জাক-শামসুন লাইফ টাইম এচিভমেন্ট এ্যাওয়ার্ড' এবং দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ৬জন শিক্ষক 'রাজ্জাক-শামসুন গবেষণা পুরস্কার' লাভ করেছেন। গত ১১ ডিসেম্বর ২০১৪ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কৃতী বিজ্ঞানীদের হাতে এ্যাওয়ার্ড এবং পুরস্কার তুলে দেন।

প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামাল উদ্দীন ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আব্দুল আজিজ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

'রাজ্জাক-শামসুন লাইফ টাইম এচিভমেন্ট এ্যাওয়ার্ড' প্রাপ্ত বিজ্ঞানীরা হলেন - ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থ বিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. অজয় রায় এবং বায়োমেডিক্যাল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের অধ্যাপক ড. খোন্দকার সিদ্দিক-ই-রববানী।

'রাজ্জাক-শামসুন গবেষণা পুরস্কার' প্রাপ্ত বিজ্ঞানীরা হলেন - ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার ও সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ মিজানুর রহমান, রাজশাহী বিশ্ববিদ্যালয় পদার্থ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো: আতিকুর রহমান পাটোয়ারী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: কামরুল আলম খান এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইদ্রিস মিয়া ও সহকারী অধ্যাপক ড. রেজাউল আজিম।

যথাযোগ্য মর্যাদায় রোকেয়া দিবস উদযাপিত

যথাযোগ্য মর্যাদায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ৯ ডিসেম্বর ২০১৪ বেগম রোকেয়া দিবস-২০১৪ উদযাপিত হয়েছে। এ উপলক্ষে সেদিন সন্ধ্যায় রোকেয়া হল মিলনায়তনে 'রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন' বক্তৃতা, স্বর্ণপদক ও বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ফাউন্ডেশন বক্তৃতা প্রদান করেন প্রখ্যাত কথাসাহিত্যিক সেলিনা হোসেন।

রোকেয়া হলের প্রাধ্যাক্ষ অধ্যাপক ড. নাজমা শাহীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি এবং প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ধন্যবাদ জ্ঞাপন করেন রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন ট্রাস্টি বোর্ডের সদস্য ও হলের আবাসিক শিক্ষিকা লাফিফা জামাল। বক্তব্য রাখেন রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন ট্রাস্টি বোর্ডের সদস্য ও হলের আবাসিক অধ্যাপক মাহফুজা খানম। অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন ড. মো আখতারুজ্জামান, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামসহ হলের প্রভোস্ট ও আবাসিক শিক্ষকবৃন্দ। (২য় পৃষ্ঠায় দেখুন)

রোকেয়া দিবস-২০১৪ উদযাপন উপলক্ষে রোকেয়া হলের উদ্যোগে গত ৯ ডিসেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়।

শহীদ বুদ্ধিজীবী দিবসের আলোচনা সভা

- ১ম পৃষ্ঠায় পর

উদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস এম মাকসুদ কামাল, শহীদ গিয়াস উদ্দিন আহমেদের ভাই ডা. রশীদ উদ্দিন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদ পরিবার সমিতির সভাপতি আবু মুসা ম.মাসুদউজ্জামানসহ ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড, বঙ্গবন্ধু সাংস্কৃতিক পরিষদ, অফিসার্স এসোসিয়েশন, ৩য় শ্রেণী কর্মচারী সমিতি, কারিগরী কর্মচারী সমিতি এবং ৪র্থ শ্রেণী কর্মচারী সমিতির নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার কাজে একযোগে ঝাঁপিয়ে পড়ার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়তে সবাইকে স্ব স্ব অবস্থান থেকে কাজ করতে হবে। তিনি বলেন, বাঙালি জাতিকে মেধাশূন্য করতে পাক হানাদার বাহিনী ও তার দোসররা পরিকল্পিতভাবে দেশের কৃতী সন্তানদের ওপর হত্যাযজ্ঞ চালিয়েছিল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কিছু বিশ্বাসঘাতক ছাত্র তাদের এই নৃশংস কর্মকান্ডে সহযোগিতা করেছিল। তিনি বলেন, যারা মাতৃভূমি ও মায়ের সঙ্গে বিশ্বাস ঘাতকতা করেছিল, তাদের দৃষ্টান্তমূলক শাস্তির মাধ্যমে শহীদদের রক্তের ঋণ শোধ করতে হবে।

উল্লেখ্য, শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিস্তারিত কর্মসূচী গ্রহণ করে। কর্মসূচীর মধ্যে ছিল - উপাচার্য ভবনসহ বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীদের অপরাজেয় বাংলার পাদদেশে জমায়েত, বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন কবরস্থান, জগন্নাথ হল স্মৃতিসৌধ ও বিভিন্ন আবাসিক এলাকার স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আলোচনা সভা প্রভৃতি। এছাড়া, বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদসহ বিভিন্ন হল মসজিদ ও উপাসনালয়ে শহীদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও প্রার্থনা করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ১৩ ডিসেম্বর দিবাগত রাত ১২টা ৫৯মিনিটে ফজলুল হক মুসলিম হলে আলোক শিখা প্রজ্বলন ও তথ্যচিত্র প্রদর্শনী উদ্বোধন করেন।

দেশের প্রখ্যাত বিজ্ঞানী এবং ঢাবি রসায়ন বিভাগের প্রয়াত অধ্যাপক মোকাররম হোসেন খোন্দকার স্মরণে '২৮তম খোন্দকার স্মারক বক্তৃতা' গত ৮ ডিসেম্বর ২০১৪ মোকাররম হোসেন খোন্দকার বিজ্ঞান ভবনে অনুষ্ঠিত হয়েছে। রসায়ন বিভাগ এই স্মারক বক্তৃতার আয়োজন করে। সম্মেলনে অংশগ্রহনকারী দেশী-বিদেশী রসায়ন বিজ্ঞানীরা উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক -এর সাথে তার বাসভবনে সাক্ষাৎ করেন।

রোকেয়া দিবস উদযাপিত

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক নারীমুক্তি ও নারীজাগরণের অন্যতম প্রথিকৃৎ বেগম রোকেয়ার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, শুধু আজকের এই দিনটিই নয়, মহীয়সী এই ব্যক্তিটিকে প্রতিটি দিনই স্মরণ করা উচিত। বর্তমানে সমাজের প্রতিটি ক্ষেত্রে বৈষম্য বিরাজ করছে। এই বৈষম্য দূর করতে হলে বেগম রোকেয়ার আদর্শকে ধারণ করে এগিয়ে যেতে হবে। কেননা নারীদের পেছনে ফেলে সমাজকে কখনো সামনের দিকে এগিয়ে নেয়া সম্ভব নয়। উপাচার্য রোকেয়া হলের ছাত্রীদের বেগম রোকেয়ার দর্শন, শিক্ষা, মানবতাবোধ, সমাজ এবং সাংস্কৃতিক চেতনা অনুসরণ ও অনুকরণ করে তাঁর আদর্শকে সমাজের সর্বস্তরে ছড়িয়ে দেয়ার আহ্বান জানান। তিনি বলেন, বেগম রোকেয়া যেমন তাঁর কর্ম, লেখনীর মাধ্যমে কাজ করে গেছেন, তেমনি আজকের রোকেয়া দিবসের এই মোমবাতি প্রজ্জ্বলনের মাধ্যমে তোমরা সারাদেশে শিক্ষার সাহায্যে তোমাদের জ্ঞানের আলো চারদিকে ছড়িয়ে দিবে।

পরে উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক রোকেয়া হলের মেধাবী ছাত্রীদের মাঝে স্বর্ণপদক ও বৃত্তি প্রদান করেন। এ বছর হলের ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষের তাহিয়া ইয়াসমিন (প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ) এবং ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের তমালিকা রহমত উল্লাহকে (জিন প্রকৌশল ও জীব প্রযুক্তি বিভাগ) স্বর্ণপদক প্রদান করা হয়। ২০০৮-২০০৯ ও ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের ৪ জন করে মোট ৮জন ছাত্রীকে মেধা বৃত্তি প্রদান করা হয়। ২০০৮-২০০৯ বর্ষের মেধা বৃত্তিপ্রাপ্তরা হলেন শাহনাজ নীলিমা (পরিসংখ্যান, প্রাণ পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান বিভাগ), আবিরা খান (জীন প্রকৌশল ও জীব প্রযুক্তি বিভাগ), নিশাত ফাল্গুনী (ভূগোল ও পরিবেশ বিভাগ) ও নিহাদ লায়লা সানজুকে (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ) এবং ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের মেধা বৃত্তিপ্রাপ্তরা হলেন ফারজানা আফরিন (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ), খাদিজা আখতার (প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ), মিশকাত জাহান (লোকপ্রশাসন বিভাগ) ও নুসরাত আহমেদ (ওষুধ প্রযুক্তি বিভাগ)। এছাড়া ২০০৯-২০১০, ২০১০-২০১১, ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের মোট ৮জন ছাত্রীকে সাধারণ বৃত্তি প্রদান করা হয়। সাধারণ বৃত্তি প্রাপ্তরা হলেন, সাবরীনা চৌধুরী রাকা (৩য় বর্ষ, ফার্মেসী বিভাগ), মিশকাত জাহান (৩য় বর্ষ, লোকপ্রশাসন বিভাগ), আছিয়া আফরিন (২য় বর্ষ, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ), তৃষা সাহা (১ম বর্ষ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ), আছিয়া খাতুন (৩য় বর্ষ, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ), নাবিত্তুন নাহার (৩য় বর্ষ, ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ), মারজান তাফরীন (২য় বর্ষ, ইসলামিক স্টাডিজ বিভাগ) এবং জান্নাতুল রাফিয়া (১ম বর্ষ, অণুজীব বিজ্ঞান বিভাগ)।

বঙ্গবন্ধু পুরস্কার

- ১ম পৃষ্ঠায় পর

বঙ্গবন্ধু মেধা পুরস্কারপ্রাপ্ত চার কৃতি শিক্ষার্থীরা হলেন- উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের মো. রফিকুল ইসলাম (সিজিপিএ ৩.৮৩), অর্থনীতি বিভাগের মো. রিয়াজ উদ্দিন (সিজিপিএ ৩.৭১), ইসলামিক স্টাডিজ বিভাগের মোশারফ হোসেন (সিজিপিএ ৩.৬৮) এবং ম্যানেজমেন্ট বিভাগের মো. মোস্তাফিজুর রহমান (সিজিপিএ ৩.৬১)।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ ডিন ও সূর্যসেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, জগন্নাথ হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার, শামসুন নাহার হল প্রাধ্যক্ষ অধ্যাপক সাজেদা বানু, কবি জসীম উদ্‌দীন হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান প্রমুখ।

৬ষ্ঠ আন্তর্জাতিক বোটানিক্যাল

- ১ম পৃষ্ঠায় পর

উপাচার্য পারস্পরিক স্বার্থে গবেষণার প্রতি বিদেশী বিজ্ঞানীদের প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথ গবেষণা কার্যক্রম গ্রহণের আহ্বান জানান এবং গবেষণাগারসহ অন্যান্য প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

সম্মেলনে সভাপতির দায়িত্ব পালন করছেন বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির সভাপতি অধ্যাপক এম এম হক। সম্মেলনের আয়োজনে বিশেষ সহযোগিতা করছেন ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদের ডিন ও সোসাইটির মহাসচিব অধ্যাপক মো. ইমদাদুল হক।

উল্লেখ্য, সম্মেলনে ভারত, ইরান, জাপান, যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশ থেকে ২০জন বিজ্ঞানীসহ ৫ শতাধিক উদ্ভিদ বিজ্ঞানী অংশগ্রহন করেন। অংশগ্রহণকারীবৃন্দ বিভিন্ন বৈজ্ঞানিক সেসনে জলবায়ু পরিবর্তন বিষয়ক মূল্যবান প্রবন্ধ উপস্থাপন করেন ও টেনিক্যাল আলোচনায় সম্পৃক্ত হন। সম্মেলনে সমাপনী অনুষ্ঠান ৭ ডিসেম্বর ২০১৪ রবিবার বিশ্ববিদ্যালয় উদ্ভিদ বিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত হয়।

ঢাবি এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব পিস সাপোর্ট অপারেশন্স ট্রেনিং--এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

জাতিসংঘ শান্তি মিশনের জন্য শিক্ষিত ও দক্ষ জনবল সৃষ্টি এবং বাংলাদেশে শান্তির সংস্কৃতি গড়ে তোলার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব পিস সাপোর্ট অপারেশন্স ট্রেনিং-এর মধ্যে গত ৯ ডিসেম্বর ২০১৪ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব পিস সাপোর্ট অপারেশন্স ট্রেনিং-এর ডেপুটি কমানডেন্ট ব্রিগেডিয়ার জেনারেল শাহ সাগিরুল ইসলাম এনডিসি, পিএসসি নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বাংলাদেশ ইনস্টিটিউট অব পিস সাপোর্ট অপারেশন্স ট্রেনিং-এর কমানডেন্ট মেজর জেনারেল মোহাম্মদ মাকসুদুর রহমান পিএসসি এবং বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব পিস সাপোর্ট অপারেশন্স ট্রেনিং যৌথভাবে জাতিসংঘ শান্তি মিশন বিষয়ক সম্মেলন, সেমিনার এবং কর্মশালার আয়োজন করবে। এছাড়া, উভয় প্রতিষ্ঠান শিক্ষক, শিক্ষার্থী ও কোর্স সদস্য বিনিময় এবং একাডেমিক-বৈজ্ঞানিক তথ্য ও গবেষণা উপাত্ত আদান-প্রদান করবে। দেশের বিভিন্ন বেসরকারী সংস্থাসহ পুলিশ বাহিনী, সামরিক বাহিনী ও বেসামরিক লোকদের জাতিসংঘ শান্তি মিশনের জন্য

'এয়ার কোয়ালিটি রিসার্চ এন্ড মনিটরিং সেন্টার' উদ্বোধন

ঢাবি এডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস সেন্টারে (সিএআরএস) এয়ার কোয়ালিটি রিসার্চ এন্ড মনিটরিং সেন্টার (একিউআরএমসি) নামে একটি আধুনিক গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। কেন্দ্রটির উদ্বোধনী অনুষ্ঠান গত ৩ ডিসেম্বর ২০১৪ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানের পর একই স্থানে "এয়ার কোয়ালিটি এন্ড ইটস্ কনসিকুয়েন্সেস: গ্লোবাল পারস্পেক্টটিভ" শীর্ষক একটি আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়।

প্রো-উপচার্য (প্রশাসন) এবং সিপি-২১৯৬ সাব-প্রজেক্ট ম্যানেজার অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত একিউআরএমসি-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)-এর চেয়ারম্যান (প্রতিমন্ত্রী) অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী। অনুষ্ঠানে বিশ্ব ব্যাংকের সিনিয়র অপারেশন্স অফিসার মো: মোখলেছুর রহমান, জার্মানীর ওপার্টাল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. থরসটেন বেন্টার, ঢাকাস্থ জার্মান দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স ড. ফার্দিনান্দ ভন ওয়েহি এবং ইউজিসি'র সাবেক সদস্য ড. এম মহিবুর রহমান বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। এছাড়া, আরও বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয় এডভান্সড রিসার্চ ইন

অধ্যাপক লতিফা আকন্দ-এর মৃত্যুতে উপাচার্যের শোক

ঢাবি ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রাক্তন অধ্যাপক লতিফা আকন্দ-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন। গত ৪ ডিসেম্বর ২০১৪ এক শোকবাণীতে ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রাক্তন অধ্যাপক লতিফা আকন্দ নিবেদিতপ্রাণ একজন শিক্ষক ছিলেন। শিক্ষকতার পাশাপাশি তিনি দেশের সমাজ, সংস্কৃতি ও নারী আন্দোলনের ক্ষেত্রেও বিশেষ অবদান রেখেছেন। বিভিন্ন সংগঠনের সাথে যুক্ত থেকে মানবাধিকার এবং নারী প্রগতির গতিশীল এক সংগঠক হিসাবে বিশেষ সাংগঠনিক দায়িত্ব পালন করেছেন।

উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিআয় মরহুমার নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জানাজায় অংশগ্রহণ করেন।

চিত্রশিল্পী কাইয়ুম চৌধুরীর মরদেহে উপাচার্যের শ্রদ্ধাঞ্জলি

প্রথিতযশা চিত্রশিল্পী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক কাইয়ুম চৌধুরীর মরদেহে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ১ ডিসেম্বর ২০১৪ কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করেছেন। সকাল ১০টায় অধ্যাপকের মরদেহ চারুকলা ইনস্টিটিউটে এবং ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত সর্বস্তরের মানুষের শ্রদ্ধা নিবেদনের জন্য কেন্দ্রীয় শহীদ মিনারে রাখা হয়।

এক শোকবাণীতে উপাচার্য বলেন, প্রথিতযশা চিত্রশিল্পী ও ঢাকা বিশ্ববিদ্যালয়-এর চারুকলা ইনস্টিটিউটের প্রাক্তন অধ্যাপক কাইয়ুম চৌধুরী প্রগতিশীল, মুক্তবুদ্ধি ও মুক্তিযুদ্ধের চেতনায় এক আলোকদীপ্ত ব্যক্তিত্ব ছিলেন। চারুকলা ইনস্টিটিউটের শিক্ষা ব্যবস্থাপনায় এবং চারুকলা ইনস্টিটিউটকে অনুষদে রূপান্তরের প্রক্রিয়ায় তাঁর চিন্তা ও অবদান নিঃসন্দেহে প্রশংসনীয়। তাঁর মৃত্যুতে জাতির যে অপূরণীয় ক্ষতি হয়েছে, তা পূরণ হবার নয়। ঠিক একইভাবে বিশ্ববিদ্যালয় একজন স্বনামধন্য প্রাক্তন অধ্যাপককে হারালো। উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

গত ৯ ডিসেম্বর ২০১৪ বেগম রোকেয়া দিবস-২০১৪ উদযাপন উপলক্ষে উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগ 'রোকেয়া বক্তৃতামালার' আয়োজন করে। নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত বক্তৃতামালার এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দি ডেইলি স্টার পত্রিকার সম্পাদক মাহফুজ আনাম। বিভাগীয় চেয়ারপার্সন তানিয়া হকের সভাপতিত্বে অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেন্ট্রাল উইমেন্স বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. পারভীন হাসান।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

কোরিয়ান অধ্যাপকদ্বয়

কোরিয়ার এস কে কে বিশ্ববিদ্যালয় (Sungkyunkwan University)-এর কলেজ অব ইঞ্জিনিয়ারিং এর ডিন অধ্যাপক ড. জি-বিওম উ (Dr. Ji-BeomYoo) এবং স্কুল অব এডভান্সড মেটেরিয়্যালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এর পরিচালক অধ্যাপক ড. জাইচান লি (Dr. Jaichan Lee) গত ৪ ডিসেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এ সময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ এবং পদার্থ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. এম মিজানুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। বিশেষ করে শিক্ষক, গবেষক ও শিক্ষার্থী বিনিময়ের লক্ষ্যে যৌথ কর্মসূচী গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। এ সময় উপাচার্য বিশ্ববিদ্যালয়ে আসা এবং এ ধরণের কর্মসূচী গ্রহণ করার জন্য তাঁদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সুইডেনের রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত মি. জুহান ফ্রীসেল গত ১০ ডিসেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।

এ সময় ঢাকাবিশ্ববিদ্যালয় স্ক্যান্ডিনেভিয়ান স্টাডি সেন্টারের পরিচালক অধ্যাপক ড. সিকদার মনোয়ার মুর্শেদ এবং ডেনমার্কের ভিজিটিং প্রফেসর মাইকেল ইলেক্টার উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা উচ্চ শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে বাংলাদেশ এবং সুইডেনের মধ্যে দ্বি-পাক্ষিক সম্পর্ক আরও জোরদার করার বিষয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং স্ক্যান্ডিনেভিয়ান দেশসমূহের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে প্রকৌশল ও প্রযুক্তি বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

জাতিসংঘ প্রতিনিধিদল

ইউনাইটেডন্যাশন্স অফিস অন ড্রাগস্ এন্ড ক্রাইম (ইউএনওডিসি) -এর নির্বাহীপরিচালক এবং ইউনাইটেডন্যাশন্স অফিস ইন ভিয়েনা (ইউএনওভি), অস্ট্রিয়া-এর মহা পরিচালক ইউরি ফেদোটভ গত ১০ ডিসেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন ইউএনওডিসি'র ভারতীয় আঞ্চলিক অফিসের প্রতিনিধি ক্রিস্টিনা আলবার্টিন এবং ইউএনওডিসি'র উপদেষ্টা ও ইউএনওভি'র কর্মকর্তা রবার্টো আরবিট্রিও।

এসময় অন্যান্যের মধ্যে ঢাকাস্থ ইউনাটেড ন্যাশন্স ইনফরমেশন্স সেন্টার (ইউএনআইসি)-এর অফিসার-ইন-চার্জ এম মনিরুজ্জামান এবং ইউএনওডিসি'র প্রোগ্রাম কো-অর্ডিনেটর এ বি এম কামরুল আহসান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে যুবসমাজে মাদকাসক্তির প্রভাব নিয়ে আলোচনা করেন। মাদক দ্রব্য সেবন থেকে বিরত থেকে বাংলাদেশের সম্ভাবনাময় যুবসমাজ দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে বলে প্রতিনিধি দল উল্লেখ করেন। প্রতিনিধি দল বলেন যে, বাংলাদেশের উচ্চ মানের সামাজিক ও সাংস্কৃতিক মূল্যবোধ মাদকাসক্তিরোধে গুরুত্বপূর্ণ অবদান রাখার মাধ্যমে দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যেতে পারে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রতিনিধি দলকে বিশ্ববিদ্যালয়ে আসার জন্য ধন্যবাদ জানান এবং জাতিসংঘ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধ্যে বিদ্যমান দ্বি-পাক্ষিক সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদল

যুক্তরাষ্ট্রের ওকলাহোমা বিশ্ববিদ্যালয় সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. এলেনি স্টেইন-এর নেতৃত্বে ২ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১০ ডিসেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক -এর সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্য হলেন- ম্যাকমোহনমার্কেটিং-এরপ্রিন্সিপ্যাল কোরিম্যাকমোহন। এসময় ঢাবি ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ইকবাল আহমদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের ওকলাহোমা বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও জোরদার করার বিষয়ে আলোচনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

রাশিয়ার প্রতিনিধিদল

রাশিয়ার ওরাল ফেডারেল ইউনিভার্সিটির অধ্যাপক ড. এনাকুরুমচিনার নেতৃত্বে ২ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১১ ডিসেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্য হলেন- ভ্লাদিমির গ্রেয়াজনোভ।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাশিয়ার ওরাল ফেডারেল ইউনিভার্সিটির মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এ বিষয়ে শিগগিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও তারা ঐকমত্য প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

বাংলাদেশে নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত মি. জুহান ফ্রীসেল গত ১০ ডিসেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।

ইউনাইটেড ন্যাশন্স অফিস অন ড্রাগস্ এন্ড ক্রাইম (ইউএনওডিসি)-এর নির্বাহী পরিচালক এবং ইউনাইটেড ন্যাশন্স অফিস ইন ভিয়েনা (ইউএনওভি), অস্ট্রিয়া-এর মহাপরিচালক ইউরি ফেদোটভ গত ১০ ডিসেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

যুক্তরাষ্ট্রের ওকলাহোমা বিশ্ববিদ্যালয় সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. এলেনি স্টেইন-এর নেতৃত্বে ২ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১০ ডিসেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক-এর সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে।

রাশিয়ার ওরাল ফেডারেল ইউনিভার্সিটির অধ্যাপক ড. এনা কুরুমচিনার নেতৃত্বে ২ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১১ ডিসেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্য হলেন- ভ্লাদিমির গ্রেয়াজনোভ।

আন্ত:হল ফুটবল প্রতিযোগিতায় ফজলুল হক মুসলিম হল চ্যাম্পিয়ন

ঢাবি আন্ত:হল ফুটবল প্রতিযোগিতার ফাইনালে ফজলুল হক মুসলিম হল টাইব্রেকারে ৩-২ গোলে শহীদ সার্জেন্ট জহুরুল হক হলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে। গত ২ ডিসেম্বর ২০১৪ কেন্দ্রীয় খেলার মাঠে প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। নির্ধারিত সময়ের খেলা গোলশূন্যভাবে শেষ হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

বিশ্ববিদ্যালয় ফুটবল কমিটির সভাপতি অধ্যাপক ড. শেখ শামীমুল আলমের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) ও স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। এ সময় বিভিন্ন হলের প্রভোস্ট ও শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ২০ নভেম্বর এ প্রতিযোগিতা শুরু হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোট ১৩টি ছাত্র হল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

'পদার্থ বিজ্ঞান, ইলেকট্রনিক্স ও কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং' বিভাগের নাম পরিবর্তন

ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিরিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত 'পদার্থ বিজ্ঞান, ইলেকট্রনিক্স ও কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের নাম পরিবর্তন করে 'ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং করা হয়েছে। যোগাযোগের ক্ষেত্রে নতুন নাম ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

২৮তম খোন্দকার স্মারক বক্তৃতা

দেশের প্রখ্যাত বিজ্ঞানী এবং ঢাবি রসায়ন বিভাগের প্রয়াত অধ্যাপক মোকাররম হোসেন খোন্দকার স্মরণে '২৮তম খোন্দকার স্মারক বক্তৃতা' গত ৮ ডিসেম্বর ২০১৪ মোকাররম হোসেন খোন্দকার বিজ্ঞান ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগ এই স্মারক বক্তৃতার আয়োজন করে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

রসায়ন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নীলুফার নাহারের সভাপতিত্বে "Atmospheric Pressure Ionization (API) Mass Spectrometry : Fundamentals, Simulations and Applications" শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন জার্মানীর ভুপার্টাল বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের অধ্যাপক ড. টর্সটেন বেন্টার (Dr. Thorsten Benter)। ধন্যবাদ জ্ঞাপন করেন রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো: এমরান কাইয়ুম।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক রসায়ন বিভাগের প্রয়াত অধ্যাপক এবং প্রখ্যাত বিজ্ঞানী মোকাররম হোসেন খোন্দকারের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি ছিলেন সৎ, নিষ্ঠাবান, দেশপ্রেমিক, আদর্শ শিক্ষক ও গবেষক। এদেশের বিজ্ঞান চর্চা ও গবেষণায় তিনি যে অসামান্য অবদান রেখে গেছেন, জাতি তা চিরদিন শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। উপাচার্য বিজ্ঞানী মোকাররম হোসেন খোন্দকারকে গবেষকদের 'রোল মডেল' হিসাবে আখ্যায়িত করে বলেন, তাঁর আদর্শ অনুসরণের মাধ্যমে দেশের বিজ্ঞান শিক্ষা ও গবেষণাকে এগিয়ে নিতে হবে। তিনি নতুন কিছু আবিষ্কারের জন্য শিক্ষার্থীদের নতুন করে স্বপ্ন দেখার আহ্বান জানান।

কোরিয়ার এস কে কে বিশ্ববিদ্যালয়-এর কলেজ অব ইঞ্জিনিয়ারিং এর ডিন অধ্যাপক ড. জি-বিওম উ এবং স্কুল অব এডভান্সড মেটেরিয়্যালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এর পরিচালক অধ্যাপক ড. জাইচানলি গত ৪ ডিসেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এ সময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ উপস্থিত ছিলেন।

মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মসূচীর অংশ হিসাবে গত ১১ ডিসেম্বর ২০১৪ এক বিজয় র‍্যালি বের করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে বিভিন্ন অনুষদের ডিন, হলের প্রভোস্ট, সিনিয়র শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীরা র‍্যালিতে অংশগ্রহণ করেন। র‍্যালিটি অপরাজেয় বাংলা হতে আরম্ভ হয়ে স্বাধীনতা চত্বরে গিয়ে শেষ হয়।

শিল্পাচার্য জয়নুল আবেদিনের জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে চারুকলা অনুষদ আয়োজিত শিল্পাচার্য জয়নুলের শিল্পকর্মের প্রদর্শনীর মধ্য দিয়ে মাসব্যাপী কর্মসূচী গত ১১ ডিসেম্বর ২০১৪ উদ্বোধন করা হয়। চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এ অনুষ্ঠানমালার উদ্বোধন করেন। ছবিতে উপাচার্য ও অন্যান্যদের সাথে শিল্পকর্ম প্রদর্শনীতে পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের দেখা যাচ্ছে।

জয়নুল জন্মশতবর্ষ ২০১৪ উৎসব

শিল্পাচার্য জয়নুল আবেদিনের জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে ঢাবি চারুকলা অনুষদ আয়োজিত শিল্পাচার্য জয়নুলের শিল্পকর্মের প্রদর্শনীর মধ্য দিয়ে মাসব্যাপী কর্মসূচী গত ১১ ডিসেম্বর ২০১৪ উদ্বোধন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এ অনুষ্ঠানমালার উদ্বোধন করেন। পরে উপাচার্য শিল্পকর্মগুলো পরিদর্শন করেন।

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, প্রিন্ট মেকিং বিভাগের অধ্যাপক সৈয়দ আবুল বারক্ আলভীসহ অনুষদের শিক্ষকবৃন্দ ও বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রীরা।

অনুষ্ঠানে প্রথমবারের মতো ২টি 'শিল্পাচার্য জয়নুল আবেদীন স্বর্ণপদক-২০১৪' সহ ৩৮টি পুরস্কার প্রদান করা হয়। জয়নুল স্বর্ণপদকপ্রাপ্তরা হলেন প্রিন্ট মেকিং বিভাগের শিক্ষার্থী ফারহানা ইয়াসমীন এবং ভাস্কর্য বিভাগের শিক্ষার্থী চন্দ্রনাথ পাল।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য চারুকলা অনুষদের শিক্ষার্থীদের শিল্পকলার প্রাণপুরুষ শিল্পাচার্য জয়নুল আবেদিনের চিন্তাচেতনা, তাঁর কর্ম ও সৃষ্টিকে অনুসরণ করে নিজেকে বড় মাপের একজন সৃজনশীল শিল্পী তৈরি করার প্রতি গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, জয়নুল জন্মশতবর্ষ ২০১৪ উৎসবের সকল আয়োজন বরেণ্য শিল্পী কাইয়ুম চৌধুরীর স্মৃতির উদ্দেশ্যে নিবেদিত। এ প্রদর্শনীতে শিক্ষকবৃন্দের শিল্পকর্ম জয়নুল গ্যালারী এবং ছাত্র-ছাত্রীদের শিল্পকর্ম নিজ নিজ বিভাগে প্রদর্শিত হয়। প্রদর্শনীতে ৭টি বিভাগের ৪৪২টি শিল্পকর্ম প্রদর্শিত হয়। এই প্রদর্শনী চলবে আগামী ১২ জানুয়ারি ২০১৫ পর্যন্ত।

'বিশ্ব মৃত্তিকা দিবস' উদ্‌যাপিত

গত ৫ ডিসেম্বর ২০১৪ দিনব্যাপী ঢাবি মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগ এবং বাংলাদেশ মৃত্তিকা বিজ্ঞান সমিতির যৌথ উদ্যোগে মৃত্তিকা বিজ্ঞানের আন্তর্জাতিক ইউনিয়ন (আইইউএসএস) প্রস্তাবিত এবং জাতিসংঘ ঘোষিত বিশ্ব মৃত্তিকা দিবস পালন করা হয়। সারাবিশ্বে ৫ ডিসেম্বর এ দিবসটি উদ্‌যাপিত হয়ে থাকে।

নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে "মানব কল্যাণে মৃত্তিকা" প্রতিপাদ্যকে সামনে রেখে সকালে দিনব্যাপী মৃত্তিকা অলিম্পিয়াড, মৃত্তিকার ওপর স্কুল-কলেজ পর্যায়ে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিকাল ৩টা ৩০ মিনিটে সিনেট ভবন সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। আলোচনা অনুষ্ঠানে ইউজিসি'র চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী প্রধান অতিথি এবং উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ডেফোডিল ইউনিভার্সিটির ইমেরিটাস অধ্যাপক ড. আমিনুল ইসলাম এবং ঢাবি প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসাবে বক্তব্য রাখেন। বক্তারা মৃত্তিকা বিজ্ঞানের প্রসার, মাটির যৌক্তিক ব্যবহার এবং প্রতিপাদ্য বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। বিশেষত: উদ্ভিদের জন্মবৃদ্ধিতে মানবকল্যাণে মৃত্তিকার গুরুত্বকে বিবেচনা করে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এই দিবসকে জনসমাজে আরও পরিচিত এবং এর সুফলকে উৎসাহিত করতে আরও প্রচারের ওপর গুরুত্বারোপ করেন।

এছাড়া, আলোচনা সভায় মৃত্তিকা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে আরও বক্তব্য রাখেন সর্বজনাব রাগীবউদ্দিন আহমেদ, মাসুদ সিনহা, মৃত্তিকা-সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের পরিচালক খোন্দকার মঈনউদ্দিন, ড. শহীদুল ইসলাম, ড. সিরাজুল করিম এবং সাধারণ সম্পাদক জালালউদ্দিন মো. শোয়েব। অনুষ্ঠানে বাংলাদেশ মৃত্তিকা বিজ্ঞান সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম ইমামুল হক সভাপতিত্ব করেন।

উপকূলীয় এলাকায় বিশুদ্ধ পানি সরবরাহ শীর্ষক ওয়ার্কশপ

নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে গত ৮ ডিসেম্বর ২০১৪ "উপকূলীয় অঞ্চলে জনগোষ্ঠীভিত্তিক পানি সরবরাহের জন্য পানিবাহী ভূ-স্তর পুনঃভরণ ব্যবস্থাপনা: কর্ম গবেষণা হতে টেকসই সংখ্যা উন্নীতকরণ" শীর্ষক দিনব্যাপী একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই ওয়ার্কশপের উদ্বোধন করেন।

ঢাবি ভূ-তত্ত্ব বিভাগ, নেদারল্যান্ডস্ আকাসিয়া ওয়াটার, ইউনিসেফ বাংলাদেশ এবং বাংলাদেশ সরকারের জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত এই ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ঢাকাস্থ নেদারল্যান্ডস দূতাবাসের ওয়াটার পলিসি অ্যাডভাইজার মি. মিচিয়েল সোলোটিমা, ইউনিসেফ বাংলাদেশের উর্ধ্বতন কর্মকর্তা মি. হরাচায়া সার্জান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের প্রধান প্রকৌশলী খালেদা আহসান এবং ঢাবি ভূ-তত্ত্ব বিভাগের অধ্যাপক ড. কাজী মতিন আহমেদ।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় উচ্চশিক্ষা প্রদানের পাশাপাশি বাংলাদেশের সাধারণ মানুষের নানান সমস্যা নিয়ে সবসময় গবেষণা চালিয়ে যাচ্ছে এবং সমস্যার সমাধানকল্পে সঠিক ও যথাযথ দিক নির্দেশনা দিচ্ছে।

সুমিতমো কর্পোরেশন বৃত্তি পেলেন ৪০ শিক্ষার্থী

বিভিন্ন শিক্ষাবর্ষে স্নাতক সম্মান শ্রেণীতে অধ্যয়নরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪০জন মেধাবী শিক্ষার্থীকে জাপানের সুমিতমো কর্পোরেশন বৃত্তি প্রদান করা হয়েছে। গত ৩ ডিসেম্বর ২০১৪ বুধবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের এই বৃত্তি প্রদান করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকাস্থ জাপানী দূতাবাসের মিনিস্টার তাকেশি মাতসুনাগা এবং সুমিতমো কর্পোরেশনের জেনারেল ম্যানেজার নাওতু ইয়ামাদা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ধন্যবাদ জ্ঞাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন। বৃত্তিপ্রাপ্তদের নাম ঘোষণা করেন সুমিতমো কর্পোরেশনের উপদেষ্টা খন্দকার আলী এরশাদ। অনুষ্ঠান পরিচালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয় পরিকল্পনা ও উন্নয়ন অফিসের ভারপ্রাপ্ত পরিচালক জীবন কুমার মিশ্র।

প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অধ্যয়নরত বৃত্তি প্রাপ্তরা হলেন- ফারিহা তাসনীম (পদার্থ বিজ্ঞান), মিশু রানী মজুমদার (গণিত), প্রান্তিকা মুৎসুদ্দী (ম্যানেজমেন্ট স্টাডিজ), অমিত বড়ুয়া (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস), অমল চন্দ্র মন্ডল (মার্কেটিং), মো. কামরুল হাসান (ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স), লিজাইনুল ইসলাম রিপন (ইন্টারন্যাশনাল বিজনেস), কাজী গোলাম তাসফিক (অর্থনীতি), জান্নাতুল রাফেয়া (অণুজীব বিজ্ঞান) এবং জারিফ হোসেন (জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি)।

দ্বিতীয় বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অধ্যয়নরত বৃত্তি প্রাপ্তরা হলেন- মোঃ আলমগীর হোসেন (ইংরেজি), আছিয়া হক (পদার্থ বিজ্ঞান), নূরুন নাহার (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস), সুগন্ধা জেসমিন (মার্কেটিং), মাহমুদা সুলতানা (ম্যানেজমেন্ট স্টাডিজ), কাজী মাহবুবা আহমেদ (অর্থনীতি), ইমা সুলতানা চারু (লোক প্রশাসন), সৈয়দ হাসান ইমতিয়াজ (জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি), সিরাজুম মুনিরা (ফার্মেসি) এবং জিনহার জাহিদী (আইবিএ)।

তৃতীয় বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অধ্যয়নরত বৃত্তি প্রাপ্তরা হলেন- হাফসা আকতার (ইংরেজি), তাসমিন জাহান (মার্কেটিং), মোঃ এনামুল হক (ফিন্যান্স), সাহেরা খান (অর্থনীতি), তাহমিনা ইয়াসমিন তমা (আন্তর্জাতিক সম্পর্ক), সায়মা আফরীন (প্রাণিবিদ্যা), অনুপমা নিলয় ত্রয়ী (প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান), তানজিলা ইফাত তাসকিন (মনোবিজ্ঞান), মোঃ ইনজা মামুন হক (মৎস্য বিজ্ঞান) ও আফরিন জাহান লোপা (ফলিত রসায়ন ও কেমিকৌশল)।

চতুর্থ বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অধ্যয়নরত বৃত্তি প্রাপ্তরা হলেন- শারাবান তহুরা (ইসলামিক স্টাডিজ), নাঈমা সুলতানা (মার্কেটিং), আররাহমা বিনতে আকরাম (রাষ্ট্রবিজ্ঞান), ইউসরা মোহাম্মদ (জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি), মাহনাজ হোসেন ফারিবা (জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি), কুমার কুলদীপ নিলয় (ফার্মেসী), সেলিনা আকতার (ফলিত পদার্থ বিজ্ঞান ইলেকট্রনিক্স ও কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং), রেহানা পারভীন রশ্নি (ফলিত পরিসংখ্যান), সিলভী পিংকী চক্রবর্তী (ফলিত পরিসংখ্যান) এবং রায়হান হোসেন (ইনফরমেশন টেকনোলজি)।

এ এফ মুজিবুর রহমান স্বর্ণপদক পেলেন গণিত বিভাগের ৯জন কৃতী শিক্ষার্থী

বিএস (সম্মান) এবং এমএস পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাবি গণিত বিভাগের ৯জন মেধাবী শিক্ষার্থী এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন স্বর্ণপদক লাভ করেছেন। গত ৬ ডিসেম্বর ২০১৪ এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক কৃতী শিক্ষার্থীদের হাতে স্বর্ণপদক ও সনদপত্র তুলে দেন।

গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের প্রতিনিধি ও লন্ডন স্কুল অব ইকোনমিক্স-এর অধ্যাপক ড. নাইলা কবির বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আবদুস ছামাদ। গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক স্বর্ণপদকপ্রাপ্ত কৃতী শিক্ষার্থীদের অভিনন্দন জানান। তিনি স্বর্ণপদক প্রদানের ক্ষেত্রে আর্থিক অনুদানের জন্য এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনকে ধন্যবাদ জানিয়ে বলেন, এই অনুদান মেধাবী শিক্ষার্থীদের উপকৃত ও অনুপ্রাণিত করবে।

স্বর্ণপদকপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন – ফারজানা ইসলাম (মাস্টার্স), সানজিদা ইসলাম (মাস্টার্স), ফারহানা আহমেদ সিমি (অনার্স), মোঃ আলমগীর হোসেন বাদশা (মাস্টার্স), চিন্ময়ী পোদ্দার (মাস্টার্স), কামরুন নাহার (মাস্টার্স), কামরুন্নাহার (মাস্টার্স), মোঃ লোকমান হোসেন (মাস্টার্স) এবং শাহেনূর বেগম (মাস্টার্স)।

স্বর্ণপদক প্রদান অনুষ্ঠান শেষে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক নব-নির্মিত 'এ এফ মুজিবুর রহমান গণিত ভবন' উদ্বোধন করেন।

গত ১ ডিসেম্বর ২০১৪ টিএসসি মিলনায়তনে থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের বার্ষিক ৯ম কেন্দ্রীয় নাট্যোৎসব শুরু হয়েছে। উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী আসাদুজ্জামান নূর। এতে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। ছবিতে অন্যান্যের মধ্যে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন এবং কলা অনুষদের ডিন অধ্যাপক অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে দেখা যাচ্ছে।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), সহকারী সম্পাদক: আনোয়ারুল আজিম, প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার ও মোঃ জাকির হোসেন। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত।